গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৩২.১২.৪৪ তারিখঃ ০৬-০২-২০১৮ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নূরুল ইসলাম
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৬, আবদুল গণি রোড, ঢাকা।

**বিষয়ঃ জনাব মোঃ একরামুল হক, প্রাক্তন উপ-পরিচালক (অবঃ)-এর অনুকূলে এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরি।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উপ-পরিচালক জনাব মোঃ একরামুল হক গত ২৯-১১-২০১৬ খ্রিঃ তারিখে চাকরি হতে অবসর গ্রহণ করেন। তাঁর এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরির জন্য নির্ধারিত পেনশন ফরম (ফরম-২.১) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। জনাব মোঃ একরামুল হক-এর অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে তাঁর মূলবেতন ৫৩,৬১০/- টাকা নির্ধারিত হয়। উক্ত টাকার ৯০% হিসেবে অবসর ভাতা ৪৮,২৪৯/- টাকা। উহার ১ম অর্ধাংশ ২৪,১২৪.৫০ টাকার প্রতি টাকার বিপরীতে ২৩০/- টাকা হারে (২৪,১২৪.৫০×২৩০)=৫৫,৪৮,৬৩৫/- টাকা। তবে, সিভিল অডিট কর্তৃক উত্থাপিত আপত্তি অনুসারে ভুল বেতন নির্ধারণের জন্য অতিরিক্ত ৩,১৭,৩৭৮.৩৯ টাকা গ্রহণ করায় তা কর্তনপূর্বক (৫৫,৪৮,৬৩৫.০০-৩,১৭,৩৭৮.৩৯) =৫২,৩১,২৫৬.৬১ (বায়ান্ন লক্ষ একত্রিশ হাজার দুইশত ছাপ্পান্ন টাকা একষট্টি পয়সা) এককালীন আনুতোষিক হিসেবে প্রাপ্য এবং ২য় অর্ধাংশ ২৪,১২৪.৫০ (চব্বিশ হাজার একশত চব্বিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা মাসিক অবসরভাতা হিসেবে প্রাপ্য।

৩। তাঁর অনুকূলে বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১ | পেনশন ফরম ২.১ (ছবিসহ) | ০১ (এক) সেট |
| ২ | প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২) | ০১ (এক) পাতা |
| ৩ | নমুনা স্বাক্ষর ও পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬) | ০১ (এক) পাতা |
| ৪ | না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮) | ০১ (এক) পাতা |
| ৫ | ইএলপিসি (সংযোজনী-১) | ০১ (এক) পাতা |
| ৬ | চাকরি বিবরণী | ০২ (দুই) পাতা |
| ৭ | বিভিন্ন কর্মস্থলের বিবরণী | ০১ (এক) পাতা |
| ৮ | বিমোচনপত্র | ০৩ (তিন) পাতা |
| ৯ | জাতীয় পরিচয়পত্র | ০১ (এক) পাতা |
| ১০ | পিআরএল-এর প্রজ্ঞাপনের কপি | ০১ (এক) পাতা |
| ১১ | এসএসসি সনদের কপি | ০১ (এক) পাতা |
| ১২ | চাকরি স্থায়ীকরণ আদেশের কপি | ০২ (দুই) পাতা |
| ১৩ | পিআইও পদে নিয়োগ পত্রের কপি | ০৩ (তিন) পাতা |
| ১৪ | শেষ বেতনের প্রত্যয়নপত | ১০ (দশ) পাতা |

অঃপৃঃদ্রঃ/২

৪। ভবিষ্যতে তাঁর কাছে কোন সরকারী দেনা-পাওনার দাবী উত্থাপিত হলে তিনি বিধি মোতাবেক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার বিশ্বস্ত,

( মোঃ নূরুল ইসলাম )
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)
ফোনঃ ৯৫৪৫৮১৮
asra@modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৩২.১২.৪৪/১(৪) তারিখঃ ০৬-০২-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা (এতে তাঁর ১৪-১২-২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.০৮৯.১৫.১২০৪ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪। জনাব মোঃ একরামুল হক, উপ-পরিচালক (অবঃ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা (বর্তমান ঠিকানাঃ বাসা-৩/২৫, সুলতানগঞ্জ রায়ের বাজার, পোঃ-জিগাতলা, হাজারীবাগ, ঢাকা-১২০৯।

( মোঃ নূরুল ইসলাম )
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।